

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৭২৮

আগরতলা, ৭ নভেম্বর, ২০২৪

রাজ্যপালের সাথে সৌজন্য সাক্ষাতে  
যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের সচিব



ভারত স্কাউটস ও গাইডসের প্রতিষ্ঠা দিবস এবং ফ্ল্যাগ ডে উপলক্ষে আজ সকালে রাজভবনে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাগুর সঙ্গে সৌজন্য সাক্ষাত করেন যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের সচিব ড. পি কে চক্রবর্তী ও অধিকর্তা এস বি নাথ এবং ভারত স্কাউটস ও গাইডসের ক্যাডেটসগণ। রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাগুরকে ক্যাডেটসগণ ফ্ল্যাগ ডে-এর পতাকা পরিবেশন করে। সচিব ড. পি কে চক্রবর্তী ত্রিপুরা স্কাউটস ও গাইডসের বিভিন্ন কর্মসূচি এবং সাফল্যের বিষয়ে রাজ্যপালকে অবহিত করেন। রাজভবন থেকে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*